

অতিরিক্ত মূখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট আদালত
আলিপুর, দক্ষিণ ২৪ পরগনা

উপস্থিত বিচারক মহাশয় – শ্রী অমিত সরকার (J.O. CODE - WB01103)
অতিরিক্ত মূখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট (আলিপুর)

এ.সি :- ৩৭/২০২০

আদেশ দানের তারিখ:- ইংরাজী ১৬/০১/২০২৬

আদালত নির্দেশিত দস্তাবেজ সহকারে নিমতা থানার Warrant Executing Officer -র আদালতে উপস্থিতির জন্য মামলার নথিটির তারিখ ধার্য আছে ।

দরখাস্তকারিনীর তরফে তার নিয়োজিত আইনজীবির মাধ্যমে আদালতে হাজিরা দাখিল করা হয়েছে ।

মামলার প্রতিপক্ষের তরফ থেকে কোনো হাজিরা দাখিল করা হয়নি ।

নিমতা থানার Warrant Executing Officer আদালতে উপস্থিত আছেন ।

সংশ্লিষ্ট থানার Warrant Executing Officer আদালতে একটি Report দাখিল করেছেন । দাখিলী Report থেকে এই বিষয়টি প্রতিভাত হচ্ছে যে- আদালতের পক্ষ থেকে কোনো Warrant প্রাপ্ত না হবার জন্য তিনি প্রতিপক্ষের উপরে আদালত নির্দেশিত Warrant Execute করতে সমর্থ্য হননি ।

আদালতের Peon Book দৃষ্টে দৃশ্যমান হচ্ছে যে- ইংরাজী ১৬/০৬/২০২৫ তারিখে Process No- ১১২৪/২০২৫ -র দ্বারা C.I. Bengal -কে গ্রেপ্তারী পরোয়ানাটি হস্তান্তর করা হয়েছিল । কিন্তু সংশ্লিষ্ট থানা থেকে আদালতে এই মর্মে প্রতিবেদন দাখিল করা হয়েছে যে থানা কোনো পরোয়ানা প্রাপ্ত হননি ।

মামলার নথিভুক্ত দস্তাবেজাদি দেখা হল ।

বক্তব্য শোনা হল । বিবেচনা করা হল ।

এ.সি :- ৩৭/ ২০২০

(২)

এমতাবস্থায় C.I. Bengal আলিপুর সদর -কে এই মর্মে নির্দেশ দেওয়া হল যে- প্রতিপক্ষের উপরে জারী করার জন্য আদালত নির্দেশিত গ্রেপ্তারী পরোয়ানাটি কোন তারিখে এবং কত নম্বর Process -র মাধ্যমে নিমতা থানা-কে প্রেরণ করা হয়েছিল - সেই বিষয়টি আদালতের সন্নিবন্ধে গোচরীভূত করার জন্য তিনি পরবর্তী ধার্য তারিখে আদালতে একটি Report দাখিল করবেন।

ইংরাজী ০৫/০৩/২০২৬ তারিখ C.I. Bengal আলিপুর সদর কর্তৃক Report দাখিলের জন্য ধার্য করা হল।

C.I. Bengal আলিপুর সদর কর্তৃক Report প্রাপ্তির পরে পরবর্তী আদেশ প্রদান করা হবে।

আদালতের আদেশ রূপায়নের প্রেক্ষিতে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য বর্তমান আদেশের একটি প্রতিলিপি C.I. Bengal আলিপুর সদর-কে প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হল।

আদালতের আদেশ অনুসারে লিখিত এবং সংশোধিত

অতিরিক্ত মুখ্য বিচারবিভাগীয় বিচারক
আলিপুর

অতিরিক্ত মুখ্য বিচারবিভাগীয় বিচারক
আলিপুর